



শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ,
ফরিদপুর।

ফোন: 0631-66304, 66305.

Website: www.fec.faridpur.gov.bd

উত্তম চর্চা (Best Practices):

ক্রমিক নং	উত্তম চর্চার শিরোনাম	উত্তম চর্চার বিবরণ	ফলাফল
১.	শিক্ষার্থী, অভিভাবক ও অন্যান্য স্টেকহোল্ডারদের সেবা প্রদান কার্যক্রম	গবেষণামূলক ও উদ্ভাবনীমূলক কাজে শিক্ষার্থীদের প্রয়োজনীয় পরামর্শ, দিক নির্দেশনা প্রদান এবং শিল্পকারখানা পরিদর্শন করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের নিয়মিত কাউন্সিলিং এবং গাইডেন্স প্রদান অব্যাহত রয়েছে। অভিভাবকদের সাথে মতবিনিময়ের নিমিত্ত প্রতি বছর অভিভাবক দিবস পালন করা হচ্ছে। এছাড়া শিক্ষার্থী, অভিভাবক ও অন্যান্য স্টেকহোল্ডারদের মতামত ও অভিযোগ গ্রহণ ও অভিযোগ দ্রুত নিষ্পত্তিকরণের বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তাগণকে নির্দেশনা দেয়া হয়েছে।	সেবা গ্রহীতাগণ সহজে সেবা পাওয়ায় সন্তোষ প্রকাশসহ তাদের সংস্কৃতা দূর হচ্ছে।
২.	অনলাইন ক্লাস মনিটরিং	করোনাকালীন সময়ে সরকারি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক অনলাইন ক্লাসের মাধ্যমে পাঠদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে নিয়মিত ক্লাস মনিটরিং করার নির্দেশনা দেয়া হয়েছে।	করোনাকালীন সময়ে অনলাইন ক্লাস মনিটরিং এর ব্যবস্থা থাকায় পাঠদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে।
৩.	করোনাভাইরাস রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	করোনাভাইরাসের বিস্তার রোধে “নো মাস্ক নো সার্ভিস” মানতে সকলকে নির্দেশনা দেয়া হয়েছে। এ বিষয়ে শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী এবং সর্বসাধারণের সচেতনতা বৃদ্ধির নিমিত্ত বিভিন্ন ধরনের সচেতনামূলক ব্যানার, পোস্টার প্রদর্শনের ব্যবস্থা নেয়া হয়েছে। স্বাস্থ্যবিধি ও স্বাস্থ্য সুরক্ষার বিষয় বিবেচনা পূর্বক সবাইকে ঘন ঘন হাত ধৌত করা এবং সামাজিক দূরত্ব মেনে চলার নির্দেশনা ও সতর্কীকরণ করা হয়েছে। ক্যাম্পাসে হাত ধোয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া করোনাভাইরাস এর বিস্তার প্রতিরোধে সরকারের নির্দেশনাসমূহ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে নিয়মিত ভাবে প্রকাশ করা হয়েছে।	সংশ্লিষ্ট সকলে সচেতন হওয়ায় করোনাভাইরাস অনেকে কাংশে প্রতিরোধ করা সম্ভব হয়েছে।
৪.	এপিএ এবং এনআইএস লক্ষ্যমাত্রা অর্জন	সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীগণকে এপিএ ও এনআইএস এর লক্ষ্যমাত্রা অর্জনে কার্যক্রমসমূহ গুরুত্ব সহকারে সম্পাদন করার জন্য পরামর্শ ও নির্দেশনা দেয়া হয়েছে।	এর ফলে কলেজের সামগ্রিক কর্মকাণ্ডে গতি ও শৃঙ্খলা বৃদ্ধি পেয়েছে।
৫.	এপিএ এবং এনআইএস এর উপর সভা	সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীর দাপ্তরিক ও সেবা কর্মকাণ্ডের পর্যালোচনা করার সুযোগ সৃষ্টি হচ্ছে।	শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীর দাপ্তরিক ও সেবা কর্মকাণ্ডের ত্রুটি বিচ্যুতি দূরীকরণসহ সেবার মান বৃদ্ধি পাচ্ছে।
৬.	সযত্নে অফিস ও ল্যাব ইকুইপমেন্ট ব্যবহার	সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীগণকে অফিস ও ল্যাব ইকুইপমেন্টসমূহকে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা ও যত্নসহকারে ব্যবহার করার জন্য পরামর্শ ও সতর্কীকরণ করা হয়।	ইকুইপমেন্টসমূহ পরিষ্কার ও যত্নসহকারে ব্যবহার করায় এর আয়ুষ্কাল বৃদ্ধিসহ টেকসই হচ্ছে।
৭.	ওয়েব পোর্টাল ও ওয়েব-মেইল চালুকরণ	নাগরিক সেবার মান বৃদ্ধির নিমিত্ত বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নে কলেজের ওয়েব পোর্টাল চালুকরণ এবং দাপ্তরিক কার্যক্রমকে বেগবান করার জন্য সকল শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ওয়েব-মেইল নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইসিটি কর্মকর্তাকে দায়িত্ব দেয়া হয়েছে ও ই-মেইলের ব্যবহারকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হচ্ছে।	সহজে সেবা প্রদান করা সম্ভব হচ্ছে এবং পত্র আদান-প্রদান স্বল্প এবং দ্রুত সময়ে হচ্ছে।
৮.	নোটিশ ও গুরুত্বপূর্ণ তথ্য ওয়েবসাইটে নিয়মিত আপলোডকরণ	আইসিটি সংশ্লিষ্ট কর্মকর্তাকে দৈনিক নোটিশ, অন্যান্য আদেশ ও গুরুত্বপূর্ণ প্রকাশযোগ্য তথ্য ওয়েবসাইটে নিয়মিত আপলোড করার জন্য দায়িত্ব দেয়া হয়েছে।	সংশ্লিষ্ট সকলে ওয়েবসাইটে নোটিশ ও অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য পাওয়ায় সন্তুষ্ট রয়েছে।
৯.	সিসি ক্যামেরা স্থাপন	প্রতিষ্ঠানে বিভিন্ন প্রকার চুরি, মালামাল হারানো ইত্যাদি রোধ এবং অফিস কর্মকর্তা পর্যবেক্ষণ এর জন্য সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।	সিসি ক্যামেরা স্থাপনের মাধ্যমে প্রতিষ্ঠানের নিরাপত্তা বহুলাংশে নিশ্চিত হয়েছে।
১০.	পরিষ্কার পরিচ্ছন্নতা ও সৌন্দর্যবর্ধক কার্যক্রম	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর মৌরাল স্থাপনসহ সৌন্দর্যবর্ধক অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং ক্যাম্পাসে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রয়েছে।	ক্যাম্পাসের সামগ্রিক সৌন্দর্য বৃদ্ধি পেয়েছে।

প্রকৌঃ মোঃ আক্তারউজ্জামান
অধ্যক্ষ
ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ